# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 29-08-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) খেলাধুলোর উন্নয়নে রাজ্য সরকার প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে মিনি ইন্ডোর স্টেডিয়াম তৈরি করবে।

২) তারাপীঠের সামগ্রিক উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতি বদ্ধ বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

৩) তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর ক্যামাকস্ট্রীটের অফিস খালি করার জন্য বাড়ির মালিক আইনী নোটিশ পাঠিয়েছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন।

৫) বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আজ ৫০ তম মৃত্যুবার্ষিকীতে একাধিক অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে।

৬) উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে ফের নিম্নচাপ তৈরি হয়েছে। আগামী ৪৮ ঘন্টায় সেটি আরোও ঘনীভূত হয়ে উত্তর ওড়িশা এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এলাকার ওপর দিয়ে অগ্রসর হওয়ার সম্ভাবনা।

oooooooooooooooooooooooo

খেলাধুলোর উন্নয়নে রাজ্য সরকার প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে মিনি ইন্ডোর স্টেডিয়াম তৈরি করবে। চলতি বছরে এরকম ১-শোটি স্টেডিয়াম তৈরির লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। স্টেডিয়ামগুলি ঋষি অরবিন্দের নামে কার হবে। তিনি জানান, খেলাধুলোর উন্নয়নে চলতি বছরে ৪-শো কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়াও অটল খেল সম্মানের অঙ্গ হিসেবে পশ্চিমবঙ্গের জাতীয় ক্লাবগুলিকে ১ কোটি টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে।

আজ ক্রীড়া দিবস উপলক্ষে নবান্নে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সমাজ গঠনে খেলাধুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং রাজ্য সরকার ক্রীড়া ক্ষেত্রের উন্নয়নে নানা প্রস্তাব খতিয়ে দেখছে।

শ্রী অধিকারী বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে ক্রীড়া ক্ষেত্র ছিল অবহেলিত। কেন্দ্রীয় সরকার রাজ্যের খেলা-ধুলোর মানন্নোয়নে সব ধরনের সহায়তায় প্রস্তুত বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন-কি-বাত অনুষ্ঠানে খেলাধুলো নিয়ে বারেবারে কথা বলেছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিন, জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে এরাজ্যের সফল ক্রীড়াবিদদের হাতে মোট ৪ কোটি ৩১ লক্ষ ৫০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। এছাড়াও স্পোর্টস্ কোটায় চাকরির নিয়োগপত্র দেওয়া হয়েছে ১৩ জনকে।

ooooooooooooooooooooo

কালী ক্ষেত্র তারাপীঠের সামগ্রিক উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতি বদ্ধ বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। পাশাপাশি অগ্নিকান্ডের মতো ঘটনা যাতে আর না ঘটে, তার জন্য জেলা প্রশাসনকে সতর্ক থাকারও নির্দেশ দিয়েছেন তিনি।

আজ বীরভূমের রামপুরহাটে প্রশাসনিক বৈঠকের পর সাংবাদিকদের মুখ্যমন্ত্রী জানান, আসন্ন কৌশিকী অমাবস্যার সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য রাজ্য সরকার অতিরিক্ত ৫ কোটি টাকা দিচ্ছে। হেলিকপ্টার থেকে পুষ্প বৃষ্টি করা হবে বলেও জানান তিনি। ১০ তারিখের মধ্যেই পূন্যার্থীদের সুবিধার্থে সব রাস্তা মেরামতেরও নির্দেশ দিয়েছেন।

এদিন দেউচাপাচামী, সরকারী হাসাতালের পরিকাঠামো এবং রেলের বিভিন্ন প্রকল্প সম্পর্কে বৈঠকে আলোচনা হয়েছে বলে জানা গেছে। আগামী মাসে দেউচা পাচামী নিয়ে রাজ্য সরকার একটি পূর্ণাঙ্গ রোড ম্যাপ প্রকাশ করবে বলেও শুভেন্দুবাবু জানান। এই প্রকল্পে বিগত সরকারের আমলে যেভাবে জমি দখল করা হয়েছে, তার সমালোচনা করেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী)

জেলায় দুর্নীতি দমন অভিযান চালিয়ে পুলিশ ২২০ কোটি টাকারও বেশী বাজেয়াপ্ত করেছে বলে মুখ্যমন্ত্রী এদিন জানান। তারাপীঠ উন্নয়ন কর্তৃপক্ষ নিয়ে যে দূর্নীতির অভিযোগ উঠেছে, শ্রী অধিকারী সেগুলিরও যথাযথ তদন্তের আশ্বাস দিয়েছেন।

এদিন সকালে বীরভূম পৌঁছে মুখ্যমন্ত্রী তারাপীঠ মন্দিরে যান, সেখানে পূর্জচনায় অংশ নেন তিনি। তাঁর সঙ্গে ছিলেন রাজ্যের দুই মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় এবং দূধকুমার মন্ডল। সদ্যপ্রয়াত রামপুরহাটের বিধায়ক আশিস বন্দ্যোপাধ্যায়ের বাড়িতেও যান মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর ক্যামাকস্ট্রীটের অফিস খালি করার জন্য বাড়ির মালিক আইনী নোটিশ পাঠিয়েছে। আগামী ২৪ ঘণ্টার মধ্যে বাড়ি না ছাড়লে আইনী পদক্ষেপেরও হুঁশিয়ারী দেওয়া হয়েছে। মালিক পক্ষের তরফে আইনজীবী জানান, পর্যাপ্ত আইনী সংস্থান না রেখে তৃণমূল কংগ্রেস ভবনটির দুটি

তলা বে-আইনীভাবে জোর করে দখল করেছে। তৃণমূল কংগ্রেস ক্ষমতায় থাকার কারণে মালিকপক্ষ কোন পদক্ষেপ নিতে পারেননি বলে জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার ক্যাথিড্রাল রোডে মমতাপন্থী তৃণমূল ছাত্র পরিষদের সভায় আদালতের নির্দেশ লঙ্ঘনের অভিযোগে দল নেত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে এফ আই আর দায়ের করেছে পুলিশ। কলকাতা হাইকোর্ট রাস্তার একদিক খোলা রেখে সভা করার অনুমতি দিলেও গতকাল দুটি লেনই বন্ধ হয়ে যায় বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

২০০২ সালে কলকাতার আমেরিকান সেন্টারে হামলার ঘটনায় মূল অভিযুক্ত আফতাব আনসারির সেল থেকে মোবাইল ফোন সহ বৈদ্যুতিন সামগ্রী উদ্ধার হওয়াকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। হেস্টিংস থানায় অভিযোগ দায়ের করেছে প্রেসিডেন্সি জেল কর্তৃপক্ষ। তিনটি মোবাইল ফোন, ২ টি রাউটার, ২ টি কার্ড রিডার, পেন ড্রাইভ, ইয়ারফোন এবং নগদ ৩১ হাজার টাকা উদ্ধার হয়েছে। তার ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে।

জেলের ভিতর থেকে মোবাইলে আফতাব বিভিন্ন লোকের সঙ্গে যোগাযোগ করছে বলে জানতে পারে গোয়েন্দা পুলিশ। সেই তথ্য হাতে পাওয়ার পর তার সেলে তল্লাশি চালানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ডেঙ্গু নিয়ন্ত্রণে কলকাতা পুরসভা বিশেষ অভিযান শুরু করেছে। পুরসভার ভেক্টর কন্ট্রোল বিভাগ মেট্রো স্টেশনগুলিতে আজ সচেতনতামূলক প্রচার চালায়। ধর্মতলায় গ্রীণ লাইন মেট্রো স্টেশন লাগোয়া এলাকায় এই উপলক্ষে একটি

অনুষ্ঠানে যোগ দিয়ে পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন, ডেঙ্গু নিয়ন্ত্রণে রাখতে সবাইকেই এগিয়ে আসতে হবে।

(বাইট – অগ্নিমিত্রা)

পুরসভার প্রশাসক তথা কমিশনার স্মিতা পান্ডে বলেন, ডেঙ্গুমুক্ত শহর গড়ে তোলার লক্ষে পুরসভার এই অভিযান

oooooooooooooooooooo

শতবর্ষে পা দিয়েছে আকাশবাণী কলকাতা। এই ১০০ বছরে নানান বিবর্তন ঘটেছে আকাশবাণীর সংবাদেরও। কেমন ছিল শুরুর দিনগুলি, কেমন ছিল পরিবর্তিত হতে থাকা সংবাদের রূপ- এইসব নিয়েই নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেছেন আকাশবাণী কলকাতার সংবাদের বিভিন্ন বিভাগের পুরোধায় থাকা তিন প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক-শঙ্কর দাশগুপ্ত, শান্তনু পালোধি এবং সুনীত চক্রবর্তী। অনুষ্ঠানটির সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি প্রচারিত হচ্ছে দুটি ভাগে। দ্বিতীয় তথা শেষ পর্বের সম্প্রচার শোনা যাবে আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি শোনা যাবে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৭-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ

বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আজ ৫০ তম মৃত্যুবার্ষিকীতে রাজ্যজুড়ে একাধিক অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। পশ্চিমবঙ্গ নজরুল ইসলাম অ্যাকাডেমি ও রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সন্ধ্যায় রবীন্দ্রসদনে কবিস্মরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদা মেডিকেল কলেজ হাসপাতালে শিশু মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে রাজ্যের বিশেষজ্ঞ টিম। আজ এক সাংবাদিক বৈঠকে টিমের চেয়ারম্যান, চিকিৎসক, প্রলয় আচার্য জানান, এক মাসে ৮৯-টি শিশু মৃত্যু কোনভাবে স্বাভাবিক ঘটনা নয়। স্বাস্থ্য দফতর বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখছে বলেও জানান তিনি। প্রতিটি ঘটনার চিকিৎসা সংক্রান্ত নথি ও রিপোর্ট বিস্তারিতভাবে পর্যালোচনা করছে বিশেষজ্ঞ দল। পরিকাঠামো ও পরিষেবার ক্ষেত্রে বেশকিছু ঘাটতি লক্ষ্য করা যাচ্ছে বলেও দলটি মনে করছে। তাদের তরফে দেওয়া রিপোর্টের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে বলে প্রলয়বাবু জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে ফের নিম্নচাপ তৈরি হয়েছে। আগামী ৪৮ ঘন্টায় সেটি আরোও ঘনীভূত হয়ে উত্তর ওড়িশা এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এলাকার ওপর দিয়ে অগ্রসর হওয়ার সম্ভাবনা। এর ফলে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পরিমাণ বাড়বে। আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন-

(বাইট – সৌরিশ)

মৎস্যজীবীদের আগামী সোমবার পর্যন্ত পশ্চিমবঙ্গ, ওড়িশা এবং বাংলাদেশ উপকূল এলাকায় যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে উত্তরবঙ্গে আগামী মঙ্গল-বুধবার নাগাদ বৃষ্টির পরিমাণ বাড়ার পূর্বাভাস।

oooooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ৩-১ গোলে রেলওয়ে এফ সি, কে হারিয়ে দিয়েছে। বিরতিতে খেলা ১-১ ছিল। মোহনবাগানের পক্ষে মনবীর সিং, রবিলাল মান্ডি , সুহেল আহমেদ ভাট এবং রেল দলের উমেশ মারান্ডি গোল করেছেন।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo